

১৯তম সিটি কাউন্সিল ডিষ্ট্রিক্ট

অস্টিন আই. শাফরান (Austin I. Shafran) (D)

হাই, আমি Austin Shafran, আসন্ন সিটি কাউন্সিল নির্বাচনে আমাদের নেইবারহুড এর প্রতিনিধি নির্বাচনের জন্য ডেমোক্রাটিক পার্টি থেকে মনোনীত প্রার্থী হিসেবে আমি প্রতিদ্বন্দ্বিতা করছি। আমার জীবনের পুরোটা অংশ আমি নর্থ ইস্ট কুইন্স কাটিয়েছি যেখানে আমার শিশুকাল কেটেছে স্থানীয় বিদ্যালয়ের চৌহদ্দীতে লেখাপড়া শিখে, লীগ ফুটবলে অংশ দিয়ে। একটি গ্রাম্য পরিবেশ থেকে বেড়ে ওঠা এই মানুষটির উপলব্ধি হল মধ্যম শ্রেণীর মানুষের প্রয়োজন অবশ্যই আমাদের প্রতিটি কাজের নাড়ির সাথে সম্পৃক্ত। আমাদের জনগোষ্ঠীর দৃষ্টি একটি উচ্চ বেতনের চাকরির দিকে যার যোগ্যতা তাদের অবশ্যই আছে, তারা চায় তাদের সন্তানরা একটি মানসম্পন্ন স্কুলে লেখাপড়া করুক। তারা স্বল্প করদাতা হতে পছন্দ করে, পছন্দ করে সাধের মধ্যে আবাসন ব্যবস্থা এবং স্বাস্থ্যসেবা এবং কংগ্রেসম্যান Gary Ackerman ও গভর্নর Cuomo এর সাথে কাজ করে, এ সম্পর্কে আমার সঠিক অভিজ্ঞতা রয়েছে এবং সুস্পষ্ট দর্শনও এ সম্পর্কে অর্জিত হয়েছে ও কিভাবে কাজটি আমি সম্পন্ন করব। এ কারণেই আমি সিটি কাউন্সিলে গ্রার্থী যার ফলে মধ্যম শ্রেণীর পক্ষে শক্তিশালী প্রবক্তা হিসেবে কথা বলতে পারব, যারা এই সিটিকে সাফল্যের পরিপূর্ণতা দান করতে পারে। আমাদের নগরবাসীদের একটি সুন্দর জীবনযাত্রা রয়েছে যা আর কারো নেই। কিন্তু সিটি হল থেকে আমরা আমাদের আসল পাওনাটা শেয়ার করতে পারছিলাম। আমি এ বিষয়টির বিরুদ্ধে লড়ে যাচ্ছি, যার সাথে আমার ছায়া সংগী হয়ে আছে আমার অভিজ্ঞতা যা আপনাদের সেবাদানে যথেষ্ট এবং দেশস্ববোধ নিয়ে যাবে আমাকে সাফল্যের শিখরে। এর জন্য যা প্রয়োজন তা হলো সততা, কার্যকর নেতৃত্ব যাতে দেশ তার যথার্থ প্রাপ্য বুঝে নিতে পারে। স্থানীয় জনগোষ্ঠীর এবং শিক্ষকদের জন্য অধিকতর আর্থিক সহায়তা দিতে হবে যাতে স্কুলগুলো আলোর সন্ধান পায়, সম্পত্তির কর কমাতে হবে যাতে আবাসন সমস্যার সমাধান করা যায়, সহযোগিতা নামে মালিকানা এবং আকাশচুম্বী পানির উচ্চহার কমাতে হবে যা মধ্যমশ্রেণীকে ডুবানোর জন্য যথেষ্ট। আগের সেক্টরগুলো আরো অধিক হারে অর্থ লগ্নিকরণ, নেইবারহুড পার্ক এবং লাইব্রেরীকেও অর্থলগ্নি বৃদ্ধি করতে হবে। মনে রাখা ভাল, এই সকল ক্ষেত্রে অধিক অর্থ লগ্নি সৌখিনতা নয়, বরং এগুলো এখন অবশ্যই প্রাপ্যের অন্তর্ভুক্ত। আমি দূর্নীতি রোধে লড়াই চালাব, স্কুলগুলোকে আরো সমৃদ্ধ করবো এবং পরিবার ও বয়স্কদের সেবা করবো, কারণ এটাই আমাদের মধ্যম শ্রেণী চায়, এবং আমি সেই ব্যক্তি-স্থানীয় ছেলেটি যে, তার সবচেয়ে ভাল কাজটি করার চেষ্টা করছে আমাদের কমিউনিটির জন্য সবচেয়ে সেরা জিনিস পাওয়ানোর জন্য।

প্রার্থী কর্তৃক প্রদেয় তথ্য অনুবাদ করে মুদ্রিত। ক্যাম্পেইন ফাইন্যান্স প্রোগ্রাম অংশগ্রহণ করছেন।